## Rifinah

150mg 300mg

রিফিনাহ হচ্ছে এক ট্যাবলেটে দুইটি ঔষধের সংমিশ্রণ (রিফামপিসিন এবং আইসোনিয়াজাইড)।

### রিফিনাহ গ্রহণের আগে

এগুলো সম্পর্কে আপনার ডাক্তারকে অবহিত করুনঃ

- আপনি অন্য যে সব ঔষধ গ্রহণ করছেন সেগুলো সম্পর্কে, আপনি কম্যুনিটি ফার্মাসি থেকে প্রেসক্রিপশন ছাড়া যেগুলো কিনে খান সেগুলো সহ
- অন্য কোনো ঔষধে আপনার আগে থেকে অ্যালার্জি থাকলে
- আপনার আগে কখনো লিভারের কোনো রোগ হয়ে থাকলে।

### আপনার রিফিনাহ সেবন করা

রিফাটারের মত একই প্রক্রিয়া

### পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ

রিফাটারের মত একই



আপনার পরিবার ও বন্ধুদেরকে যক্ষা থেকে সুরক্ষিত রাখুন-যক্ষার সব ঔষধ সেবন করুন

**মনে রাখবেন** আপনার পুরো চিকিৎসাকালীন সময়ে আপনাকে সাহায্য করা ও পরামর্শ দেয়ার জন্য এখানে যক্ষার নার্স রয়েছেন। যদি আপনি আপনার চিকিৎসায় অসুস্থ বোধ করেন অথবা আপনার ঔষধ সম্পর্কিত কোনো বিষয়ে যদি আপনি নিশ্চিত না হন তাহলে অনুগ্রহ করে আপনার টিবি (যক্ষা) নার্সের সাথে যোগাযোগ করুন।

আপনার যক্ষার নার্স হচ্ছেনঃ

______________________

আপনার হাসপাতালের ডাক্তার হচ্ছেনঃ

______________________

যোগাযোগের নম্বরঃ

______________________

ই-মেইলঃ

______________________

**TB Alert (যক্ষা সতর্কীকরণ)** হচ্ছে একটি অনন্য দাতব্য কর্মসূচি, যা যুক্তরাজ্যে যক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে এবং রোগীদেরকে তথ্য প্রদানের মাধ্যমে এনএইচএস-এর কাজে সহায়তা প্রদান করে। সকল রোগী যাতে যথাযথ চিকিৎসা লাভ করতে পারেন তা নিশ্চিত করার জন্য আমরা উন্নয়নশীল দেশগুলোতে বিভিন্ন প্রকল্পে সহায়তা প্রদান করি। আপনাদের সহায়তায় আমরা যক্ষার প্রভাবের উপর বিশ্বব্যাপী একটি ইতিবাচক প্রভাব রাখতে পারি এবং আরো বেশি জীবন রক্ষা করতে পারি।

TB Alert,
Community Base,
113 Queens Road,
Brighton BN1 3XG
ফোনঃ 01273 234030

আরো তথ্যের জন্য অথবা এই লিফলেটের কপির জন্য, অনুগ্রহ করে 01273 234 770 নম্বরে যোগাযোগ করুন (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে)।

TB Alert সাহায্য করতে দান করার জন্য অথবা স্বেচ্ছাসেবা প্রদানের জন্য, অনুগ্রহ করে 01273 234 784 নম্বরে যোগাযোগ করুন (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে)।

অথবা www.tbalert.org ঠিকানায় আমাদের ওয়েবসাইটে যান


যক্ষার চিকিৎসা সম্পর্কে এই লিফলেটে তথ্য প্রদানের মাধ্যমে আপনার নার্স/ডাক্তার বা স্বাস্থ্যসেবা প্রদানকারী অন্য পেশাজীবীদের জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা ও মূল্যায়নের বিকল্প প্রদান করা এর উদ্দেশ্য নয়। এই লিফলেটে প্রদত্ত কোনো তথ্য যক্ষার চিকিৎসার কাজে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ব্যবহার করা এর উদ্দেশ্য নয়। আপনার চিকিৎসা সম্পর্কিত যে কোনো প্রশ্ন বা উদ্বেগে স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাজীবীকে অবহিত করা উচিত।

মূল উন্নয়ন কাজটি করেছে নর্থ ওয়েস্ট লন্ডন টিবি নেটওয়ার্ক

সীমিত গ্যারান্টি সহ একটি কোম্পানি ইংল্যান্ডে নিবন্ধন নংঃ 3606528 নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান নংঃ 1071886 ডিজাইনঃ **worksong**, london 020 8352 8300


TB a!ert
for a future without tuberculosis

# রিফাটার, ইথামবিউটল, পাইরাজিনামাইড ও রিফিনাহ (Rifater,Ethambutol, Pyrazinamide and Rifinah)




NHS

## Rifater



রিফাটার হচ্ছে এক ট্যাবলেটে তিনটি ঔষধের সংমিশ্রণ (রিফামপিসিন, আইসোনিয়াজাইড ও পাইরাজিনামাইড)।

### রিফাটার গ্রহণের আগে

এগুলো সম্পর্কে আপনার ডাক্তারকে অবহিত করুনঃ

- আপনি অন্য যে সব ঔষধ গ্রহণ করছেন সেগুলো সম্পর্কে, আপনি কম্যুনিটি ফার্মাসি থেকে প্রেসক্রিপশন ছাড়া যেগুলো কিনে খান সেগুলো সহ।
- অন্য কোনো ঔষধে আপনার আগে থেকে অ্যালার্জি থাকলে।
- আপনার আগে কখনো লিভারের কোনো রোগ হয়ে থাকলে।

### আপনার রিফাটার সেবন করা

পাকস্থলী খালি থাকলে রিফাটার সবচেয়ে ভালোভাবে হজম হয়। আপনি খাবার খাওয়ার আধাঘন্টা আগে আপনার রিফাটার খাবেন। আপনার রিফাটার খাওয়ার সবচেয়ে উপযুক্ত সময় সম্পর্কে আপনার ডাক্তার বা নার্স আপনার সাথে আলোচনা করবেন।

### পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ

সব ঔষধের মতই, রিফাটার-এরও কিছু পার্শ্বপ্রতিক্রিয়া থাকতে পারেঃ

- পেটে সমস্যা যেমন বমি বমি ভাব (অসুস্থ বোধ করা) বমি ও ডায়রিয়া
- ইনফ্লুয়েঞ্জার এর মত লক্ষণ যেমন ঠান্ডা লাগা, জ্বর, মাথা ঘোরানো এবং হাড়ে ব্যথা
- জন্ডিস (ত্বক বা চোখ হলুদ হয়ে যাওয়া) যদি আপনি এটি লক্ষ করে থাকেন, তাহলে অনুগ্রহ করে আপনার সবগুলো ঔষধ খাওয়া বন্ধ করে দিন এবং অবিলম্বে ডাক্তারের পরামর্শ গ্রহণ করুন
- ত্বকে ফুসকুড়ি এবং চুলাকানি
- মাসিকে সমস্যা
- হাত ও পায়ের স্নায়ুরোগ (হাত বা পায়ের আঙুলে অসাড় অনুভূতি)

- দেহ থেকে নির্গত পদার্থসমূহ (মূত্র, লালা, বীর্য, যোনি থেকে নির্গত তরল পদার্থ) কমলা-লাল বর্ণের হবে। এটি স্বাভাবিক এবং এতে উদ্বেগের কোনো কারণ নেই; আপনি রিফিটার গ্রহণের আগে আপনার মূত্রের রং কালচে ধরনের হলে আপনার ডাক্তার বা নার্সকে জানান। কনটাক্ট লেন্সের রংও বিবর্ণ হয়ে যেতে পারে।
- হরমোননির্ভর জন্মনিয়ন্ত্রণ পতির (মুখে খাওয়ার, ইমপ্ল্যান্ট বা অন্যান্য) কার্যকারিতা কমে যাবে। জন্মনিয়ন্ত্রণের জন্য আপনার বিকল্প বা বাড়তি পদ্ধতি গ্রহণের প্রয়োজন হবে; পরামর্শের জন্য আপনার ডাক্তার বা নার্সকে বলুন।

## Ethambutol



400mg



100mg

### ইথামবিউটল গ্রহণের আগে

এগুলো সম্পর্কে আপনার ডাক্তারকে জানানঃ

- আপনি অন্য যে সব ঔষধ গ্রহণ করছেন সেগুলো সম্পর্কে, আপনি কম্যুনিটি ফার্মাসি থেকে প্রেসক্রিপশন ছাড়া যেগুলো কিনে খান সেগুলো সহ।
- অন্য কোনো ঔষধে আপনার আগে থেকে অ্যালার্জি থাকলে।


### আপনার ইথামবিউটল সেবন করা

আপনি খাবার খাওয়ার আগে বা পরে ইথামবিউটল খেতে পারেন। আপনার ইথামবিউটল খাওয়ার সবচেয়ে উপযুক্ত সময় সম্পর্কে আপনার ডাক্তার বা নার্স আপনার সাথে আলোচনা করবেন।

### পার্শ্বপ্রতিক্রিয়াসমূহঃ

ইথামবিউটল খুব বিরল ক্ষেত্রে চোখের সমস্যা করতে পারে (ঝাপসা দেখা এবং লাল/সবুজ রং দেখতে সমস্যা)। ইথামবিউটল শুরু করার আগে আপনার ডাক্তার বা নার্স আপনার জন্য একটি সাধারণ চোখ পরীক্ষার ব্যবস্থা করবেন। ইথামবিউটল গ্রহণের সময় যদি আপনার উপরে উল্লিখিত সমস্যাগুলো হয়, তাহলে অনুগ্রহ করে এগুলো খাওয়া বন্ধ করে দিন এবং অবিলম্বে আপনার ডাক্তার বা নার্সকে জানান।

## Pyrazinamide



### পাইরাজিনামাইড গ্রহণের আগে

এগুলো সম্পর্কে আপনার ডাক্তারকে অবহিত করুনঃ

- আপনি অন্য যে সব ঔষধ গ্রহণ করছেন সেগুলো সম্পর্কে, আপনি কম্যুনিটি ফার্মাসি থেকে প্রেসক্রিপশন ছাড়া যেগুলো কিনে খান সেগুলো সহ।
- অন্য কোনো ঔষধে আপনার আগে থেকে অ্যালার্জি থাকলে।
- আপনার আগে কখনো লিভারের কোনো রোগ হয়ে থাকলে।

### আপনার পাইরাজিনামাইড সেবন করা

আপনি খাবার খাওয়ার আগে বা পরে পাইরাজিনামাইড খেতে পারেন। পাইরাজিনামাইড খাওয়ার সবচেয়ে উপযুক্ত সময় সম্পর্কে আপনার ডাক্তার বা নার্স আপনার সাথে আলোচনা করবেন।

### পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ

সব ঔষধের মতই, পাইরাজিনামাইড-এরও কিছু পার্শ্বপ্রতিক্রিয়া থাকতে পারেঃ

- পেটে সমস্যা যেমন বমি বমি ভাব (অসুস্থ বোধ করা) বমি ও ডায়রিয়া
- ইনফ্লুয়েঞ্জার এর মত লক্ষণ যেমন ঠান্ডা লাগা, জ্বর, মাথা ঘোরানো এবং হাড়ে ব্যথা
- জন্ডিস (ত্বক বা চোখ হলুদ হয়ে যাওয়া)। যদি আপনি এটি লক্ষ করে থাকেন, তাহলে অনুগ্রহ করে আপনার সবগুলো ঔষধ খাওয়া বন্ধ করে দিন এবং অবিলম্বে ডাক্তারের পরামর্শ গ্রহণ করুন
- ত্বকে ফুসকুড়ি এবং চুলাকানি।